ভোরের কাগজ

তারিখ 21 JAN 2006
পৃষ্ঠা 2 কলাম ৬

# স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর স্থাপনের দাবি

**কাগজ প্রতিবেদক :** সরকারি ও বেসরকারি মাধ্যমিক শিক্ষক প্রতিনিধিদের মতবিনিময় সভায় এক প্রস্তাবে বলা হয়, জোট সরকারদলীয় সংকীর্ণ স্বার্থে শিক্ষকদের চাকরিচ্যুতি, হয়রানিমূলক বদলি, নির্যাতন চালিয়ে ত্রাসের সৃষ্টি করেছে। এর নিন্দা ও প্রতিবাদ জানিয়ে শিক্ষকরা স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর স্থাপনের দাবি জানান। তারা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রথম শ্রেণীর পদমর্যাদা প্রদানের জন্য আওয়ামী লীগ সরকারের সময়ে গৃহীত নীতিগত সিদ্ধান্ত বাস্তবায়নের দাবি জানান। তারা সরকারি বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষক পদে ৫০ শতাংশ সরাসরি নিয়োগের বিধান বাতিলের দাবি জানান।

আওয়ামী লীগ সভানেত্রী ধানমন্ডিস্থ কার্যালয়ে গতকাল শুক্রবার অনুষ্ঠিত শুক্রবার এ মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন শিক্ষক-কর্মচারী ঐক্যপরিষদের আহ্বায়ক অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সাবেক সভাপতি ও আওয়ামী লীগ নেতা নূরুল ইসলাম নাহিদ।

সভায় গৃহীত এক প্রস্তাবে শিক্ষা ক্ষেত্রে বিরাজমান নৈরাজ্য ও সংকট অবসানের দাবি জানানো হয়। অবিলম্বে বেসরকারি